



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

নং: এসইসি/এসআরএমআইসি/২০০৭-১৮/১১৭৮/২৭০
তারিখ: অক্টোবর ১২, ২০১১

নির্দেশনা

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা দি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিন্যান্স ১৯৬৯ এর ২০ A ধারার প্রদত্ত ক্ষমতাবলে সকল তালিকাভুক্ত কোম্পানির জন্য নিম্নরূপ নির্দেশনা জারী করল; যথা:

কোম্পানি আইন ১৯৯৪ এর ১৫৫ ধারার অধীন যে সকল সদস্য কোম্পানির রাইট অফার ডকুমেন্ট পাবার অধিকারী হওয়া সত্ত্বেও যথাসময়ে পায়নি তাদের দাখিলকৃত সকল অভিযোগ আগামী ষাট (৬০) দিনের মধ্যে নিষ্পত্তি করে কমিশনকে অবহিত করবে (বিদ্যমান ও ধার্যকৃত সময়সীমার মধ্যে প্রাপ্ত নতুন অভিযোগ)। উক্ত ষাট (৬০) দিন অতিবাহিত হবার পরে অবিলম্বে অংশ অবলেখকদের হিসাবে কমিশন এর নির্দেশক্রমে জমা প্রদান করা যাবে।

উল্লেখ্য যে, ভবিষ্যতে অনিষ্পন্ন অভিযোগসমূহ উল্লেখিত পন্থায় নিষ্পত্তি করতে হবে এবং উক্ত নির্দেশনা জারীর পরবর্তী সময়ে যে সকল রাইট শেয়ার পাবার অধিকারী সদস্যগণ আপত্তি উত্থাপন করবেন তা সংশ্লিষ্ট কোম্পানি কর্তৃক কমিশনে রাইট শেয়ার ক্রেডিট করার প্রতিবেদন দাখিল করার দিন হতে ষাট (৬০) দিনের মধ্যে নিষ্পত্তি পূর্বক কমিশনকে অনুরূপভাবে অবহিত করবে।

এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে

অধ্যাপক ডঃ এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান